গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(নেজারত শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০২.০১.০৪৩.২০-৩০০

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৪ জুন ২০২১

"নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২৮ এপ্রিল, ২০২১খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১১.১৫.১৬ নং স্মারকে জারীকৃত ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের অধীন কুড়িগ্রাম সার্কিট হাউজের শূন্য পদসমূহ সরাসরি পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত কুড়িগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	বেয়ারার	০৪(চার)টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
২.	বাবুর্চি	০১(এক)টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অন্যূন ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা
৩.	সহকারী বাবুর্চি	০১(এক)টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অন্যূন ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা
৪.	মালী	০১(এক)টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
৫.	পরিচ্ছন্নতাকর্মী	০১(এক)টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

"শর্তাবলী"

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও কুড়িগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। জেলা প্রশাসন, কুড়িগ্রামের ওয়েব পোর্টাল (www.kurigram.gov.bd) হতে ডাউনলোড করে জেলা প্রশাসক, কুড়িগ্রাম বরাবর স্ব-হস্তে আবেদন ফরম পূরণ করে আগামী ১৯/০৭/২০২১খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের নেজারত শাখা হতেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

৩। প্রার্থীর বয়স ১৯/০৭/২০২১খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (স্পষ্টাক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) কোটার নাম (যদি থাকে) (ঠ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নোক্ত ছক মোতাবেক উল্লেখ থাকতে হবে :

ক্রমিক নং	পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ জিপিএ/সিজিপিএ	উত্তীর্ণ হওয়ার বছর

৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

(ক) সংশ্লিষ্ট পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (৯ম গ্রেডের নীচে নহে)।

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (৯ম গ্রেডের নীচে নহে)।

(ঘ) প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর অনুকূলে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে ১-০৭৪২-০০০০-২৬৮১ নম্বর কোডে ১০০/- (একশত) টাকার ট্রেজারী চালানের মূলকপি দাখিল করতে হবে।

(ঙ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (৯ম গ্রেডের নীচে নহে)।

(চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (৯ম গ্রেডের নীচে নহে)।

(ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও ঠিকানা সম্বলিত ১০.৫x৪.৫ সাইজের (১০/- (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহী'র মুক্তিযোদ্ধার সার্টিফিকেট (যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত কপি) সংযুক্ত করতে হবে। এছাড়া সরকারি গেজেটে/মুক্তিবার্তায় প্রকাশিত উক্ত বীর মুক্তিযোদ্ধার নাম ও পরিচয় সংবলিত তথ্যাদির সত্যায়িত কপিও দাখিল করতে হবে (৯ম গ্রেডের নীচে নহে)।

৭। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, কুড়িগ্রাম এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি, আনসার ও ভিডিপি'র ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত মৌলিক প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে (৯ম গ্রেডের নীচে নহে)।

৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সীলমোহর থাকতে হবে।

৯। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১০। কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১১। খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম লিখতে হবে।

১২। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোন-০৫৮১-৬১৬৪৫ (অফিস)
ই-মেইল : dckurigram@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০২.০১.০৪৩.২০-৩০০

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৪ জুন ২০২১

অনুলিপি :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ... (সকল)।
০৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
০৫। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), কুড়িগ্রাম (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০। সহকারী কমিশনার (ভূমি), ... (সকল), কুড়িগ্রাম (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
১৩। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। তাঁকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম (তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৫। সম্পাদক, ... পত্রিকা। তাঁকে বিজ্ঞপ্তিটি ০১(এক) দিনের জন্য ভিতরের পাতায় ১০ ইঞ্চি x ৩ কলাম সাইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি।

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।